

তথ্য কমিশন

প্রত্নতত্ত্ব ভবন (৩য় তলা)
এফ-৪/এ, আগারগাঁও প্রশাসনিক এলাকা
শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭

অভিযোগ নং : ১১৫/২০১৬

অভিযোগকারী : জনাব মোঃ রবিউল ইসলাম
পিতা:-মোঃ ওসমান আলী
গ্রাম-পাড়োরা, ডাক-মিঠাপুকুর
থানা-বদল গাছি, জেলা-নওগাঁ।

প্রতিপক্ষ : দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই)
বানৌজা তিতুমীর
শহর খালিশপুর, খুলনা।

সিদ্ধান্তপত্র

(তারিখ : ১৬-০৬-২০১৬ ইং)

অভিযোগকারী ১৮-০২-২০১৬ তারিখে (অভিযোগে উল্লিখিত তথ্য অনুযায়ী) তথ্য অধিকার আইন, ২০০৯ এর ৮(১) ধারা অনুসারে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই), বানৌজা তিতুমীর, শহর খালিশপুর, খুলনা বরাবরে রেজিস্ট্রি ডাকযোগে নিম্নলিখিত তথ্য জানতে চেয়ে আবেদন করেন-

- ১) বাংলাদেশ নৌবাহিনী থেকে ২১-১২-২০১৪ তারিখে বহিস্কৃত স্টুয়ার্ড-১ এম রবিউল ইসলাম পরিচয়পত্র নং ৩৬২০৩ সরকারী সংখ্যা ২০০৮০৮০৫ কে কি কারণে নৌ বাহিনী থেকে বহিস্কার করা হয়েছে সে সংক্রান্ত সকল তথ্য।
 - ২) উপযুক্ত নাবিক এম রবিউল ইসলামের বিরুদ্ধে মোছাঃ জেমি আক্তার কর্তৃক যে সকল অভিযোগ দায়ের করা হয়েছে সেই অভিযোগ পত্রের/দরখাস্তের কপি।
 - ৩) এম রবিউল ইসলামের বিরুদ্ধে অভিযোগ সমূহের তদন্ত হয়ে থাকলে সেই তদন্ত প্রতিবেদন কি প্রক্রিয়ায় তদন্ত করা হয়েছে সে সংক্রান্ত তথ্য। তদন্ত প্রক্রিয়ায় যুক্ত স্বাক্ষিদের প্রদত্ত মৌখিক ও লিখিত স্বাক্ষ্য সংক্রান্ত তথ্য।
 - ৪) ঘটনার প্রেক্ষিতে সংশ্লিষ্ট সংসদ সদস্য, উপজেলা চেয়ারম্যান, ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান, শিক্ষা প্রতিষ্ঠান-ইউনিয়ন পরিষদ সদস্য এবং এলাকাবাসী কর্তৃক প্রদত্ত প্রত্যয়ন পত্র, স্বাক্ষ্য ও আবেদনের কপি।
 - ৫) তার বিরুদ্ধে অভিযোগসমূহ প্রমানিত হয়ে থাকলে কিসের ভিত্তিতে অভিযোগ সমূহ প্রমানিত হয়েছে সে সংক্রান্ত তথ্যের কপি।
 - ৬) কোন কোন অভিযোগে বাংলাদেশ নৌ বাহিনী নাবিকদের বহিস্কার করা যায়, বহিস্কার করার নিয়মাবলী ও প্রক্রিয়া সংক্রান্ত সকল তথ্য।
- ২। নির্ধারিত সময়ের মধ্যে প্রার্থিত তথ্য না পেয়ে অভিযোগকারী ২২-০৩-২০১৬ তারিখে জনাব মোঃ সামসুল আলম, কমোডর ও আপীল কর্তৃপক্ষ (আরটিআই), কমোডর কমান্ডিং, খুলনা বরাবরে রেজিস্ট্রি ডাকযোগে আপীল আবেদন করেন। আপীল আবেদনের পরও কোন প্রতিকার না পেয়ে তিনি ০২-০৫-২০১৬ তারিখে তথ্য কমিশনে অভিযোগ দায়ের করেন।
- ৩। তথ্য কমিশনের ২৫-০৫-২০১৬ তারিখের সভায় অভিযোগটি শুনানীর জন্য গ্রহণ করে ১৬-০৬-২০১৬ তারিখ শুনানীর দিন ধার্য করে সমন জারী করার সিদ্ধান্তের প্রেক্ষিতে অভিযোগকারী ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার প্রতি সমন জারী করা হয়। অদ্য ১৬-০৬--২০১৬ তারিখ শুনানীতে অভিযোগকারী হাজির কিন্তু দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা গরহাজির।

- ৪। অভিযোগকারী তার বক্তব্যে উল্লেখ করেন যে, তথ্য অধিকার আইন, ২০০৯ অনুযায়ী দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) এর নিকট ০১ নং অনুচ্ছেদে উল্লিখিত তথ্য চেয়ে আবেদন করেন। তথ্য না পেয়ে তিনি আপীল কর্তৃপক্ষ (আরটিআই) বরাবরে আপীল আবেদন করেন। আপীল আবেদন করার পরও কোন প্রতিকার না পেয়ে তিনি তথ্য কমিশনে অভিযোগ দাখিল করেন।
- ৫। প্রতিপক্ষ দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) গরহাজির থাকায় তার বক্তব্য পাওয়া যায় নি। তবে দেখা যায় যে, কমোডর কমান্ডিং খুলনার কার্যালয়, শহর খালিশপুর, খুলনা- ৯০০০ হতে স্মারক নং ২৩.০২.৪৭৪৫.৬০০.২৭.০৯২.১৬.২৯৫ তারিখ ১২ মে ২০১৬/২৯ বৈশাখ ১৪২৩ বাংলা মোতাবেক চাকুরী হতে বরখাস্তকৃত সাবেক সঃ সংখ্যা- ২০০৮০৮০৫ এম রবিউল ইসলাম, ষ্টুয়ার্ড-১ এর বিচার সম্পর্কিত বিভিন্ন কাগজপত্র তথা চাহিত তথ্যাদি তথ্য অধিকার আইন, ২০০৯ অনুযায়ী অভিযোগকারীকে সরবরাহ করা হয়েছে।

পর্যালোচনা

উভয়পক্ষের বক্তব্য শ্রবণান্তে এবং দাখিলকৃত প্রমাণাদি পর্যালোচনান্তে পরিলক্ষিত হয় যে, দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) অভিযোগকারীর চাহিত সকল তথ্যাদি সরবরাহ করা হয়েছে প্রতীয়মান হওয়ায় তথ্য কমিশনের নির্দেশনা অনুযায়ী অভিযোগটি নিষ্পত্তিযোগ্য মর্মে প্রতীয়মান হয়।

সিদ্ধান্ত।

বিস্তারিত পর্যালোচনান্তে নিম্নলিখিত নির্দেশনা প্রদানপূর্বক অভিযোগটি নিষ্পত্তি করা হলো :-

- ১। অভিযোগকারীকে তার প্রার্থিত পূর্ণাঙ্গ তথ্য সরবরাহ করায়, তথ্য অধিকার আইন, ২০০৯ অনুযায়ী দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই), বানৌজা তিতুমীর, শহর খালিশপুর, খুলনা কে অব্যাহতি দেয়া হলো।
- ২। তথ্য অধিকার আইন, ২০০৯ এর ধারা-৯ এবং তথ্য অধিকার (তথ্য প্রাপ্তি সংক্রান্ত) বিধিমালা, ২০০৯ এর বিধি-৮ অনুযায়ী সরবরাহকৃত তথ্যের মূল্য বাবদ আদায়কৃত অর্থ ১-৩৩০১-০০০১-১৮০৭ নং কোডে সরকারী কোষাগারে জমা প্রদানের জন্য দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) কে নির্দেশ দেয়া হলো।
- ৩। নির্দেশনা বাস্তবায়ন/প্রতিপালন করে তথ্য কমিশনকে অবহিত করার জন্য উভয়পক্ষকে বলা হলো।

সংশ্লিষ্ট পক্ষগণকে অনুলিপি প্রেরণ করা হোক।

স্বাক্ষরিত
(প্রফেসর ড. খুরশীদা বেগম সাজিদ)
তথ্য কমিশনার

স্বাক্ষরিত
(নেপাল চন্দ্র সরকার)
তথ্য কমিশনার

স্বাক্ষরিত
(অধ্যাপক ড. মোঃ গোলাম রহমান)
প্রধান তথ্য কমিশনার